

১৭

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম ৪

SEP. 19 2002

কিশোরগঞ্জ মহিলা কলেজে অধ্যক্ষের কক্ষে তালা : একাডেমিক কাউন্সিলের সভা পণ্ড

কিশোরগঞ্জ প্রতিনিধি

কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অজিত চন্দ্র সরকারের বিরুদ্ধে হোস্টেলের আবাসিক ছাত্রীদের শীলতাহানিসহ বিভিন্ন অভিযোগে আন্দোলনরত বিক্ষুব্ধ ছাত্রীরা অবশেষে গতকাল বুধবার সকালে তাব কক্ষে তালা খুলিয়ে দিয়েছে। এছাড়া এ সময় আন্দোলনরত ছাত্রীদের বাধার মুখে কলেজের একাডেমিক কাউন্সিলের সভা পণ্ড হয়ে যায়। এ পরিস্থিতিতে জেলা প্রশাসকের নির্দেশে একজন ম্যাজিস্ট্রেটের

নেতৃত্বে পুলিশ অধ্যক্ষের কক্ষের তালা ভেঙে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে অনার্স পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করে। কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অজিত চন্দ্র সরকারের বিরুদ্ধে
অধ্যক্ষ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

অধ্যক্ষ : কিশোরগঞ্জ

(শেষ পৃষ্ঠার পর)

আবাসিক ছাত্রীসহ অন্যান্য ছাত্রীর শীলতাহানিসহ যেকোনো অসদৃশ্য ইত্যাদি অভিযোগ এনে আন্দোলনরত ছাত্রীরা এর আগে গত ১১ সেপ্টেম্বর মৌন মিছিল করে এবং জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষা সচিব বরাবর ও গত ১৫ সেপ্টেম্বর জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি পেশ করে। কিন্তু শিক্ষা সচিব এবং জেলা প্রশাসক এ ব্যাপারে কোন ব্যবস্থা না নেয়ায় আন্দোলনরত বিক্ষুব্ধ ছাত্রীরা গতকাল বুধবার বেপরোয়া হয়ে ওঠে এবং অধ্যক্ষের কক্ষে তালা খুলিয়ে দেয়াসহ কলেজের একাডেমিক কাউন্সিলের সভায় বাধা দেয়।